

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
( সিটি কর্পোরেশন-১ শাখা )

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯-১৩(অংশ-২)- ৬৫৭

তারিখঃ ১৪ মে ২০১৭ খ্রিঃ।

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

স্থানীয় সরকার বিভাগ

৮৩/বি-১৮, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয় : ২০১৬-২০১৭ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হইতে সিটি কর্পোরেশনের কাউন্সিলর এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাদের বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ খাতে রক্ষিত অর্থের ১ম হতে ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তকরণ প্রসংগে।

মহোদয়,

অর্থ বিভাগের ৩০.০৮.২০০০ তারিখের সম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটে সিটি কর্পোরেশনসমূহের জন্য বরাদ্দকৃত ৩০৩.০০ কোটি (তিনশত তিন কোটি ) টাকা হতে অনুমোদিত বিভাজনে সিটি কর্পোরেশনের কাউন্সিলর এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাদের বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ খাতে রক্ষিত ২.০০ কোটি (দুই কোটি) টাকার ১ম হতে ৪র্থ কিস্তি বাবদ ২.০০ কোটি (দুইকোটি) টাকা স্থানীয় সরকার বিভাগের হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে অবমুক্তকরণে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

২। এই ব্যয় চলতি ২০১৬-২০১৭ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত ৫-৩৭০১-৭৪৬০-৭২৩১ সিটি কর্পোরেশনসমূহের জন্য থোক বরাদ্দ-মূলধন খাতে বরাদ্দকৃত ৩০৩.০০ কোটি (তিনশত তিন কোটি ) টাকা হতে মিটানো হবে।

৩। এই অর্থ ছাড় করণে অর্থ বিভাগের ৩০/০৪/২০১৭ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-২৪৬ নম্বর স্মারকে নিম্নোক্ত শর্তে সম্মতি প্রদান করা হয়েছেঃ


(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(গ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ শে জুন ২০১৭ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

৪। এই অর্থ সিটি কর্পোরেশনের কাউন্সিলর এবং মন্ত্রণালয়ের কর্মকর্তাদের বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ ব্যতীত অন্য কোন খাতে কোন অবস্থাতেই ব্যয় করা যাবে না।

৫। স্থানীয় সরকার বিভাগের হিসাব রক্ষণ কর্মকর্তা মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি এই অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি বিধান পালন করবেন।



মোঃ মাহমুদুল আলম

উপ সচিব।


ফোনঃ ৯৫৭৩৬২৫।

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯-১৩(অংশ-২)-৬৫৭/১(৮)

তারিখঃ ১৪ মে ২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১শাখা) )।
২. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ
৩. যুগ্ম-সচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
৮. অফিস নথি।



মোঃ মাহমুদুল আলম

উপ সচিব।